তারিখ ... 08 DEC 1991
পৃষ্ঠা... ... ... ...কলাম... ... ...

100

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে চল্লিশ দিন পর ক্লাস শুরু

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

সন্ত্রাসের কারণে ৪০ দিন বন্ধ থাকার পর গতকাল শনিবার থেকে কড়া নিরাপত্তা ব্যবস্থায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে পুনরায় ক্লাস শুরু হয়েছে। ক্লাস শুরুর প্রথম দিনে গতকাল ক্যাম্পাসে শান্তিপূর্ণ পরিবেশ বিরাজ করে। সকাল ৯টার দিকে উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন এলাকা ঘুরে ছাত্রছাত্রী ও নেতৃবৃন্দের সাথে মত

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ পৃঃ ১১ কঃ ৫

## ঢাকা বিশ্ববিদ্যালয় ঃ ক্লাস শুরু

(১ম পাতার পর)

বিনিময় করেন। ক্যাম্পাসের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানগুলোতে সকাল থেকেই পুলিশ অবস্থান করে। হাজার হাজার ছাত্রছাত্রীর উপস্থিতিতে গতকালের ক্যাম্পাস ছিল প্রাণচঞ্চল।

### ছাত্রঐক্যের সমাবেশ

সন্ত্রাসীদের গ্রেফতার ও শিক্ষার সুষ্ঠু স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনার দাবীতে গণতান্ত্রিক ছাত্রঐক্য ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা গতকাল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশের আয়োজন করে। মধুর ক্যান্টিনের সামনে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রনেতা সুনীল দাস, নাঈম উদ্দীন ও রোকনুজ্জামান।

নেতৃবৃন্দ বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকরা সন্ত্রাস বন্ধের লক্ষ্যে কর্মবিরতি পালন করলেও সরকার সন্ত্রাস বন্ধের কার্যকর কোন ব্যবস্থা গ্রহণ করেনি। নেতৃবৃন্দ ছাত্রদল ও ছাত্রলীগ (আ–অ)–এর সন্ত্রাসী কার্যক্রমের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।

### ছাত্রদল

গত শুক্রবার গুলিস্তান ও বঙ্গবন্ধু এভেনিউতে সন্ত্রাসের প্রতিবাদে জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে।

ডাকসু ভবনের সামনে আয়োজিত সমাবেশে ছাত্রদল নেতা ফজলুল হক মিলন ও হাবিব–উন–নবী সোহেল বক্তব্য রাখেন।

সমাবেশে ছাত্রনেতা ফজলুল হক মিলন বলেন, গণতন্ত্রকে নস্যাৎ করার ষড়যন্ত্র হিসেবে আওয়ামী লীগ ও ছাত্রলীগের (আ–অ) সন্ত্রাসীরা অপচেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি ঐক্যবদ্ধভাবে এসব ষড়যন্ত্র প্রতিহত করার জন্য ছাত্র–জনতার প্রতি আহ্বান জানান।